ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/নজরুল বর্ষ/২০২৬/১৩৬৩৬

তারিখ: ০৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত সকল ফাজিল ও কামিল স্তরের মাদরাসাসমূহে নজরুল বর্ষ পালন উপলক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আদর্শ, চেতনা ও সৃষ্টিকে জাতির কর্ম ও মননে সমুন্নত রাখার প্রয়াসে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ০৫ (পাঁচ) টি ক্যাটাগরিতে প্রতিযোগিতা আয়োজনের নিমিত্তে জেলা পর্যায়ে নিম্নোক্ত পরিচালনা কমিটি গঠন করা হলো:

ক্রম.	পদের নাম/সদস্য	কমিটিতে অবস্থান	সংখ্যা
০১	জেলা শিক্ষা অফিসার/তাঁর মনোনীত প্রতিনিধি (সংশ্লিষ্ট জেলা)	আহ্বায়ক	১ জন
০২	নির্বাচিত ভেন্যু মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষের মনোনীত প্রতিনিধি	সদস্য সচিব	১ জন
০৩	নির্বাচিত ভেন্যু মাদরাসার সহকারী অধ্যাপক/প্রভাষক (বাংলা)	সদস্য	১ জন
০৪	প্রতিযোগী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/তাঁর মনোনীত প্রতিনিধি	সদস্য	১ জন করে

প্রতিযোগিতার ক্যাটাগরিসমূহ:
ক. ক্যাটাগরি-১: নজরুলের ইসলামিক সংগীত/গজল
খ. ক্যাটাগরি-২: নজরুলের কবিতা আবৃত্তি
গ. ক্যাটাগরি-৩: কবি নজরুল রচিত হামদ ও নাত
ঘ. ক্যাটাগরি-৪: রচনা প্রতিযোগিতা (বিষয়: নজরুল ও মানুষের মুক্তি)
ঙ. ক্যাটাগরি-৫: উপস্থিত বক্তৃতা (সংশ্লিষ্ট কমিটি তাৎক্ষণিকভাবে বিষয় নির্ধারণ করবে)

অনুসরণীয় শর্তাবলীঃ
(১) রচনা অবশ্যই মৌলিক হতে হবে।
(২) হাতে লিখে জমা দিতে হবে।
(৩) বই প্রবন্ধ বা লেখকদের রেফারেন্স দিতে হবে।
(৪) রচনার মোট শব্দের সংখ্যা ২০০০ এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

নির্দেশিকা:
১. জেলা শিক্ষা অফিসার/তাঁর মনোনীত প্রতিনিধি, জেলা পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি বিচারক প্যানেল গঠন করবেন;
২. সারাদেশে জেলা পর্যায়ের সকল ফাজিল ও কামিল মাদরাসায় আগামী ০৩ নভেম্বর, ২০২৬ তারিখে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে;
৩. জেলা পর্যায়ের প্রতিযোগিতা তদারকিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি স্ব-শরীরে উপস্থিত থাকবেন;
৪. প্রতিযোগিতার বিজয়ীদের তালিকা তাৎক্ষণিকভাবে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির হাতে জমা দিতে হবে;
৫. প্রত্যেক জেলা থেকে প্রতিটি ক্যাটাগরিতে বিজয়ী ১ম ও ২য় মোট ০২ (দুই) জন করে প্রতিযোগী বিভাগীয় পর্যায়ের মূল প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন;
৬. জেলা পর্যায়ে বিজয়ীদের সার্টিফিকেট পরবর্তীতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে;
৭. জেলা পর্যায়ের প্রতিযোগিতার যাবতীয় কার্যক্রম ভেন্যু মাদরাসার তত্ত্বধানে সম্পন্ন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে
১৯.১০.২৬
প্রফেসর ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/নজরুল বর্ষ/২০২৬/১৩৬৩৬ তারিখ: ১৯ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :
১. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা;
২. সভাপতি, গভর্নিংবডি/এডহক কমিটি, অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা;
৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
৪. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
৫. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৬. প্রো-ভাইস চ্যান্সেলর-একাডেমিক এর একান্ত সচিব, ইআবি, (প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৭. প্রো-ভাইস চ্যান্সেলর-প্রশাসন এর একান্ত সচিব, ইআবি, (প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, ইআবি, (ট্রেজারারের সদয় অবগতির জন্য);
৯. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. অফিস নথি।

১৯/১০/২০২৬
ফাহাদ আহমদ মোমতাজী
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়